

## RTV SMC recognized outstanding child development contributors



The Grand Finale of the RTV SMC MoniMix Award-2018 was held in Dhaka on December 7, 2018 to honor the outstanding contributors in the child development sector of Bangladesh. The award giving ceremony was televised live on RTV while the Daily Kaler Kantho published special features about this event. Three individuals and three organizations were awarded this year. From the individual category, Ms. Nazia Jabeen for publishing Braille books for

visually impaired children; Mr. Morshedul Islam, film director; Mr. Ali Imam, children's writer received MoniMix Award while Kendrio Khelaghor, Kolshindur Primary School and Bidyananda Foundation were given the awards in the organizational category. The awardees pledged to continue their work for the better-

ment of the children. Mr. Siddiqur Rahman Choudhury, Honorable Chairman, Board of Directors, SMC and SMC Enterprise Limited; Mr. Md. Ali Reza Khan, Managing Director and CEO of SMC; Mr. Abdul Haque, Managing Director, SMC Enterprise Limited; Mr. Toslim Uddin Khan, Chief of Program Operations, SMC; Ms. Caroll Vasquez, OPHNE Director, and other officials from USAID Bangladesh were present at the occasion.



## Chairman appreciates the contribution of CSAs in the society

Mr. Siddiqur Rahman Choudhury, Honorable Chairman, Board of Directors, SMC and SMC Enterprise Limited has praised the contribution of Community Sales Agents (CSAs) in the society. The Chairman made these remarks while attending a CSA meeting at Baraigram in Natore district on October 19 and at Kamalganj in Moulvibazar district on October 24, 2018. CSAs are women entrepreneurs selected from rural communities. They visit the households to disseminate public health information and sell SMC's public health priority products. They are a major part of the "Notun Din" Community Mobilization program of SMC. Mr. Choudhury praised the CSAs for stepping out of house for the welfare of the society and generating income for their families.

Hon'ble Chairman visited Rajshahi, Rangpur and Bogura Area Offices from October 17 - 19, 2018 where Regional

Manager, North and Sales Managers presented their achievements and ongoing sales and program activities. He highly appreciated the efforts of all team members of the North region for taking additional initiatives to strengthen the market share of our new products. Mr. Choudhury also visited a Blue Star Provider at Gobindagonj in Gaibandha and attended a meeting of Married Women of Reproductive Age (MWRA) in Lalpur, Natore. Mr. Md. Ali Reza Khan, Managing Director & CEO and Mr. Toslim Uddin Khan, Chief of Program Operations of SMC accompanied the Chairman.

Mr. Choudhury also visited SMC's sales and program operations in Sylhet from October 23-24, 2018. Mr. Sayerur Rahman, General Manager, Sales and Field Promotion, SMC EL accompanied him during his visit. He visited Sylhet Area Office on October 23 and a Blue Star outlet at Mogla Bazar under South Surma Upazila the following day.

## SMC joins USAID's MSNP journey



SMC has launched a component of USAID's Strengthening Multisectoral Nutrition Programming (MSNP) project through Implementation Science Activity on October 24, 2018. The project is funded by USAID, led by FHI 360

partnering with Care Bangladesh, AIRN, PHD, SMC and LifeChord. The project will apply a mixed methods research approach to assess the effect of different nutrition interventions by the Government of Bangladesh, NGOs, and the private sector to enhance nutritional status of children under two years in Bangladesh.

In this context, SMC organized a day-long orientation program with the MSNP project staff to share activities of SMC along with MSNP program activities. Core program staff of SMC also attended the session. FHI 360 has provided technical support for conducting the orientation program. Mr. Toslim Uddin Khan, Chief of Program Operations (CPO) of SMC advised the key officials of SMC to assist MSNP staff for implementing the proposed MSNP activities smoothly.

## SMC inaugurates Training Room, Cafeteria and revamped Website




SMC inaugurated its new Training Room, Cafeteria and revamped website at a simple ceremony at its head office in Dhaka on December 5, 2018. Located at Level-18 of SMC Tower, the Training Room and cafeteria consists of a total floor area of 3,000 sqft. The training room can

accommodate 36 persons at a time and is equipped with modern facilities including sound system and multimedia. Besides SMC's own training programs, external users may also rent this venue for training, workshop, conference, seminar and symposium through our admin department. The

cafeteria has seating arrangements for 64 people. In addition, a dynamic and interactive website as opposed to the previous one was also re-launched in the ceremony. The new site has SMC's all social pages and web portals associated. It now ensures higher data security and updated contents of SMC and SMC EL. Apart from this, the career and e-tender page of this new site have been made more user-friendly.

Honorable Chairman of the Board of Directors, Mr. Siddiqur Rahman Choudhury presided over the ceremony as the Chief Guest and honorable Board Directors of SMC and SMC EL were also present at the occasion. Managing Director & CEO of SMC, Mr. Md. Ali Reza Khan, Managing Director of SMC Enterprise Limited Mr. Abdul Haque and officials of the SMC Head Office attended the program.



The Pharmaceutical Division of SMC Enterprise Ltd started its journey in August 2017 with the key objective of "No one should suffer, especially the less-privileged due to lack of affordable quality medicine." The goal of SMC's pharmaceutical business is providing

## SMC EL launched first biological product

quality medicine for all segments of the population including those with limited income. It promotes 22 products in the market which includes antibiotic, anti-ulcerant, NSAIDs, anti-histamine, anti-asthmatic, anti-spasmodic and mineral supplement. These drugs belong to both the OTC category as well as the selective therapeutic class.

In November 2018, SMC Pharmaceutical Division has launched

the first biological product – Aziday tablet (Azithromycin 500 mg). This drug is prescribed for the treatment of community-acquired pneumonia, pharyngitis, tonsillitis, acute otitis media, chronic obstructive pulmonary disease and uncomplicated skin and skin structure infection.

Our Pharma Division is moving forward with the philosophy "Profit must primarily contribute to social betterment."

## Hygiene management promoted



SMC's Dhaka West Area Office organized a school activation program on personal hygiene management and promoted 'Taste Me' as a refreshing drink. The program was held at Kaliakair Pilot Girls' High School in Kaliakair under Gazipur district on October 29, 2018. A total of 364 female students attended the program. It was an excellent platform to promote the use of sanitary napkins in general and Joya in particular as an essential part of menstrual hygiene management.

Mr. Shuvash Chandra Sarker, Head Teacher of Kaliakair

Pilot Girls' High School, attended the function as the chief guest. At the end of the session, SMC offered 'Taste Me' drinks to all students along with a 200gm 'Taste Me' pack as a gift. The program was very successful and the girls were very happy to obtain knowledge about health and hygiene along with the TasteMe sample. Regional Manager, Dhaka, Mr. Chandra Nath Mandal and Sr. Sales Manager, Dhaka West Area Office, Mr. K M Hashibul Hassan discussed about SMC's initiatives and contribution to the health and hygiene sector of the country. Among others, officials of SMC's Dhaka West Area Office were present at the occasion.

## MoniMix promoted in Munshiganj

SMC's Dhaka East Area Office organized a seminar with the Graduate Doctors of Munshiganj General Hospital on November 28, 2018 at a local restaurant in Munshiganj. The seminar focused on promoting SMC's micro-nutrient powder MoniMix to the local physicians. MoniMix is a home fortification strategy to improve nutritional status of children from 6 months up to 5 years. Dr. Md. Habibur Rahman, Civil Surgeon, Munshiganj attended the Seminar as the Chief Guest. The seminar was also attended by Dr. Aktar Hossain (Bappi), President of Bangladesh Medical Association, Munshiganj Branch and Dr. Md. Golam Mohiuddin, Sr. Consultant (Surgery), Munshiganj General Hospital. Dr. Dewan Nizam Uddin, Consultant (Paediatrics), Munshiganj General Hospital was the Keynote Speaker of the Seminar. Regional Manager, Dhaka Division Mr. Chandra Nath Mandal and Sales Manager, Dhaka East, Late Mr. Md. Jamil Uddin represented SMC at the seminar.



## SMC's distribution gets new energy

SMC Enterprise Limited has recruited Territory Sales Officers (TSO) for overseeing its distribution sales. A total of 20 young officers have been recruited to manage and supervise the activities of 120 Distributors as well as Sales Representatives for household product sales to non-pharmacy outlets across the country. The newly appointed TSOs attended a training session at the SMC head office in Dhaka on November 6, 2018. They were briefed and provided with job description, list of daily functions to be performed at field level and were given Sales Manual with details of SMC products and other relevant documents. General Manager, Sales & Field Promotion, Mr. Sayedur Rahman; Head of Distribution Sales, Mr. Mohasin Ali Mondal; Sr. Manager, Distribution Sales, Mr. Golam Reaz and Sr. Manager, Sales Training & Monitoring, Mr. Amal Rajak were present at the occasion.



## New pill to prevent unplanned pregnancy launched

SMC Enterprise Ltd has launched 'Norix 1' - a single dose Emergency Contraceptive Pill on November 4, 2018. SMC's 'Norix' was the first two pill dose ECP which was introduced in 2013 and currently holds the second position in market share among ECP category. In recent years, consumer preference is more inclined towards the single dose ECP. To meet their preference, SMC introduced the single dose ECP

leveraging on existing Norix's brand equity with an objective to become the No. 1 ECP brand in Bangladesh.

The brand logo of 'Norix 1' comes with an attractive green shield, a symbol of protection from an unplanned pregnancy. This branding will help 'Norix 1' to stand out among all the competitor brands. 'Norix 1' is a highly effective pill to prevent unplanned pregnancy among

women of reproductive age. The pill should be taken within 72 hours of an unprotected intercourse.



## Joya promises extra protection



SMC Enterprise Ltd has introduced Joya Extra Heavy Flow and Joya All Night, two new premium variants of Joya Sanitary Napkin in the market in December 2018. Joya Extra Heavy Flow Sanitary Napkin has 50% extra absorption power than any similar brand available in the market. Joya All Night Sanitary Napkin is extra long (320 mm) to provide extra protection against front and back leakage. It ensures an anxiety-free and comfortable night for the user. Both these new variants of Joya are with antibacterial properties in attractive packaging design and available in Trifold packaging which is easy to carry. In a recent product pretest carried out in October 2018, 80% of the users of premium category sanitary napkin preferred Joya Extra Heavy Flow and Joya All Night over their current brand and showed interest to switch to Joya in future.

## Our popular brands in international cricket series

Some of the powerful brands of SMC Enterprise Ltd made their striking presence in live telecast of different cricket series recently. SMC's 'ORSaline-N' was one of the proud sponsors of the Bangladesh vs Zimbabwe cricket series held in October-November 2018 in Bangladesh. SMC displayed various branding materials all over the stadium, which helped our brands to connect directly with the huge audience during the tournaments. Live telecast of both the series on national and satellite TV channels also exposed the brands to the public. Similarly, 'Smile' and 'Sensation' were the proud sponsors of Bangladesh vs West Indies cricket series held in November-December 2018 in Bangladesh. TVCs of these two brands were also aired in Gazi TV during the live telecast of the tournament. Mr. Khandaker Shamim Rahman, Additional General Manager, Marketing, SMC EL, handed over the "SMC Player of the Match" award in the Bangladesh-West Indies series.




Adviser: Md. Ali Reza Khan; Developed and circulated by: Corporate Affairs Department; Acknowledgement: All departments for providing information. Address: SMC Tower, 33 Banani C/A, Road - 17, Dhaka-1213, Bangladesh.  
PABX: +(8802) 9821074-80, 9821090, 9821093, web: www.smc-bd.org

## শিশু উন্নয়নে অবদানকারীদের প্রতি আরাতিভি ও এসএমসির বিশেষ সন্মাননা



বাংলাদেশে শিশু উন্নয়ন খাতে অসামান্য অবদানের জন্য গত ৭ ডিসেম্বর ২০১৮ তারিখে ঢাকায় আরাতিভি এসএমসি মনিমিল্ল অ্যাওয়ার্ড-২০১৮ এর গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে আরাতিভি এবং দৈনিক কালের কণ্ঠ অনুষ্ঠান সম্পর্কিত বিশেষ ফিচারসমূহ প্রকাশ করে। এই বছর তিনজন ব্যক্তি এবং তিনটি প্রতিষ্ঠানকে এই সন্মাননায় ভূষিত করা হয়। ব্যক্তিগত ক্যাটেগরিতে যাদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়, তাঁরা হলেনঃ দৃষ্টিশক্তিহীন শিশুদের জন্য ব্রেইল বই প্রকাশক মিস নাজিয়া

জাবিন; চলচ্চিত্র নির্মাতা জনাব মোর্শেদুল ইসলাম এবং শিশু সাহিত্যিক জনাব আলী ইমাম। এছাড়াও কেন্দ্রীয় খেলাঘর, কোলশিন্দুর প্রাথমিক বিদ্যালয় ও বিদ্যানন্দ ফাউন্ডেশনকে প্রাতিষ্ঠানিক ক্যাটেগরিতে অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অ্যাওয়ার্ড গ্রহণকারীগণ শিশুদের উন্নয়নের জন্য তাদের কাজ চালিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন। অন্যান্যের মধ্যে এসএমসি ও



ইংরেজি নববর্ষ-২০১৯ উপলক্ষে এসএমসি তার সকল স্টেকহোল্ডার এবং কর্মকর্তা ও কর্মচারীদের জানাচ্ছে একটি সুখী এবং সমৃদ্ধ নতুন বছরের শুভেচ্ছা।

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী; এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান; এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হক, এসএমসির চীফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান; ইউএসএআইডি বাংলাদেশের ওপিএইচএনই ডিরেক্টর মিস ক্যারোল ভাস্কেজ এবং এসএমসি ও ইউএসএআইডি এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



## সমাজে সিএসএদের অবদানের প্রশংসা করলেন চেয়ারম্যান

এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী সমাজে কমিউনিটি সেলস এজেন্টদের (সিএসএ) অবদানের প্রশংসা করেছেন। গত ১৯ অক্টোবর ২০১৮ তারিখে নাটোর জেলার বড়াইগ্রামে এবং ২৪ অক্টোবর মৌলভীবাজার জেলার কমলগঞ্জ সিএসএদের বৈঠকে অংশগ্রহণ করার সময়ে চেয়ারম্যান এই মন্তব্য করেন। সিএসএ হচ্ছেন গ্রামাঞ্চল থেকে নির্বাচিত নারী উদ্যোক্তা। তারা নিজ এলাকার বিভিন্ন বাড়িতে গিয়ে জনস্বাস্থ্য সংক্রান্ত তথ্য প্রচার ও এসএমসির জনস্বাস্থ্য বিষয়ক বিশেষ পণ্যগুলো বিক্রি করেন। তারা 'নতুন দিন' কমিউনিটি মোবাইলাইজেশন কর্মসূচীর একটি গুরুত্বপূর্ণ অংশ। সমাজের প্রতি সেবা এবং নিজ নিজ পরিবারের আয় বৃদ্ধির লক্ষ্যে নিজেদের নিয়োজিত করার জন্য জনাব চৌধুরী সিএসএদের ভূমিকার প্রশংসা করেন।

মাননীয় চেয়ারম্যান রাজশাহী, রংপুর ও বগুড়া এরিয়া অফিস পরিদর্শন করেন যেখানে রিজিওনাল এবং এরিয়া ম্যানেজারগণ তাদের নিজ নিজ এলাকার অর্জন, বিক্রয় ও প্রোগ্রাম কার্যক্রমের অবস্থান সম্পর্কে বিস্তারিত বিবরণ দেন।

আমাদের নতুন পণ্যগুলির মার্কেট শেয়ার শক্তিশালী করার লক্ষ্যে নর্থ রিজিওনের সকল সদস্যদের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য মাননীয় চেয়ারম্যান ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রতিনিধি দলের সদস্যবৃন্দের সাথে গাইবান্ধার গোবিন্দগঞ্জে একটি ব্লু-স্টার প্রোভাইডারের কার্যক্রম পরিদর্শন করেন এবং নাটোরের লালপুরে ম্যারিড উইমেন অফ রিপ্ৰোডাক্টিভ এইজ (এমডব্লিউআরএ) এর একটি সভায় উপস্থিত ছিলেন। এসএমসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং চীফ অফ প্রোগ্রাম অপারেশনস জনাব তছলিম উদ্দিন খান এসময়ে উপস্থিত ছিলেন।

এছাড়াও, জনাব চৌধুরী এসএমসির সেলস এবং প্রোগ্রাম অপারেশন পরিদর্শন করার জন্য ২৩-২৪ অক্টোবর, ২০১৮ তারিখে সিলেট সফর করেন। জনাব সাইদুর রহমান, জেনারেল ম্যানেজার, সেলস এন্ড ফিল্ড প্রমোশন, এসএমসি ইএল, চেয়ারম্যানের সফরসঙ্গী ছিলেন। তিনি ২৩ অক্টোবর এসএমসির সিলেট এরিয়া অফিস এবং ২৪শে অক্টোবর সিলেটের দক্ষিণ সুরমা উপজেলার মোগলা বাজারে একটি ব্লু-স্টার প্রোভাইডার পরিদর্শন করেন।

## ইউএসএআইডি'র এমএসএনপি যাত্রায় যোগ দিলো এসএমসি



এসএমসি গত ২৪ অক্টোবর, ২০১৮ তারিখে ইউএসএআইডি'র Strengthening Multisectoral Nutrition Programming (এমএসএনপি) প্রোজেক্টের একটি অংশ Implementation Science Activity এর

মাধ্যমে চালু করেছে। ইউএসএআইডি'র অর্থায়নের এই প্রকল্পটি পরিচালনা করছে এফএইচআই ৩৬০ এবং পার্টনার হিসেবে আছে কেয়ার বাংলাদেশ, এআইআরএন, পিএইচডি, এসএমসি এবং লাইফকর্ড। বাংলাদেশ সরকার, এনজিও এবং বেসরকারি খাতে বিভিন্ন ধরনের নিউট্রিশিয়ান ইন্টারভেনশনের প্রভাব পরীক্ষা করার জন্য প্রকল্পটি একটি মিক্সড মেথড রিসার্চ পদ্ধতি প্রয়োগ করবে।

এসএমসি এমএসএনপি প্রোজেক্টের কর্মকর্তাদের সাথে এসএমসি'র কার্যক্রম সম্পর্কে ধারণা দেয়ার জন্য একটি দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমসি'র চীফ অফ প্রোগ্রাম অপারেশনস (সিপিও) জনাব তছলিম উদ্দিন খান। তিনি প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়নে এমএসএনপি কর্মীদের সহায়তা করার জন্য এসএমসি'র কর্মকর্তাদেরকে পরামর্শ প্রদান করেন। এফএইচআই ৩৬০ ওরিয়েন্টেশন প্রোগ্রামটি পরিচালনার জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদান করেছে।

## এসএমসি'র ট্রেনিং রুম, ক্যাফেটেরিয়া এবং পুনর্গঠিত ওয়েবসাইটের উদ্বোধন



গত ৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে ঢাকাস্থ প্রধান কার্যালয়ে একটি অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে এসএমসি তার নতুন ট্রেনিং রুম, ক্যাফেটেরিয়া এবং পুনর্গঠিত ওয়েবসাইটের উদ্বোধন করে। এসএমসি টাওয়ারের লেভেল-১৮ এ মোট ৩,০০০ বর্গফুট ফ্লোর এরিয়া নিয়ে অবস্থিত ট্রেনিং রুম এবং ক্যাফেটেরিয়া নির্মিত হয়েছে।

ট্রেনিং রুমে একযোগে ৩৬ জনের বসার ব্যবস্থা রয়েছে এবং এটি সাউন্ড সিস্টেম এবং মাল্টিমিডিয়াসহ অত্যাধুনিক সুবিধা দিয়ে সজ্জিত। এসএমসি'র নিজস্ব ট্রেনিং প্রোগ্রামের পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানসমূহ আমাদের এ্যাডমিন ডিপার্টমেন্টের মাধ্যমে প্রশিক্ষণ, কর্মশালা, সম্মেলন, সেমিনার এবং সিম্পোজিয়ামের জন্য

এই ভেন্যুটি ভাড়াও নিতে পারবেন। ক্যাফেটেরিয়াটিতে ৬৪ জনের বসার ব্যবস্থা রয়েছে। এছাড়াও একই অনুষ্ঠানে একটি গতিশীল এবং ইন্টারেক্টিভ ওয়েবসাইটও নতুনভাবে উদ্বোধন করা হয়। নতুন এই সাইটটিতে সংযুক্ত রয়েছে এসএমসি'র সকল সামাজিক পেইজ এবং ওয়েব পোর্টাল। এটি এখন উচ্চতর ডাটা নিরাপত্তা এবং এসএমসি এবং এসএমসি ইএলের আপডেটকৃত তথ্য নিশ্চিত করে। এর পাশাপাশি নতুন এই সাইটটিতে ক্যারিয়ার এবং ই-টেন্ডার পেইজটি আরও ব্যবহারকারী বান্ধব করা হয়েছে।

এসএমসি বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে এসএমসি এবং এসএমসি ইএলের বোর্ড পরিচালকগণও উপস্থিত ছিলেন। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান, এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হক এবং এসএমসি হেড অফিসের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ফার্মাসিউটিক্যাল ডিভিশন ২০১৭ সালের আগস্ট মাসে যাত্রা শুরু করে যার মূল উদ্দেশ্য ছিলো “সাশ্রয়ী মূল্যের ঔষধের অভাবে জনসাধারণের বিশেষ করে কম সুবিধাভোগী জনগোষ্ঠীর যেনো কোন দুর্ভোগ পোহাতে না হয়।” এসএমসি ফার্মাসিউটিক্যাল ব্যবসা পরিচালনার প্লোগান

## এসএমসি ইএল নিয়ে এলো প্রথম বায়োলজিক্যাল প্রোডাক্ট

হলো, “অল্প আয়ের মানুষসহ সকল স্তরের জনগণের জন্য মানসম্মত ঔষধ সরবরাহ করা।” ফার্মাসিউটিক্যালটি বাজারে ২২টি পণ্য সরবরাহ করে থাকে যার মধ্যে রয়েছে অ্যান্টি-আলসিরেন্ট, ব্যথানাশক, এন্টি-হিস্টামিন, এন্টি-অ্যাজমাটিক, এন্টি-স্পাসমোডিক এবং মিনারেল সাপলিমেন্ট। এই ঔষধগুলো ওটিসি ক্যাটেগরি এবং বিশেষ খেরাপিউটিক শ্রেণীর অন্তর্ভুক্ত।

২০১৮ সালের নভেম্বর মাসে এসএমসি ফার্মাসিউটিক্যাল ডিভিশন তার প্রথম

বায়োলজিক্যাল প্রোডাক্ট এজিডে ট্যাবলেট (এজিথ্রোমাইসিন ৫০০ এমজি) চালু করেছে। এই ঔষধ কমিউনিটি-একুয়াইরড নিউমোনিয়া, গলার প্রদাহ, টনসিলাইটিস, মধ্য কর্ণের প্রদাহ, ক্রনিক অবস্ফটাকটিভ পালমোনারী ডিজিস এবং ত্বকের সংক্রমণ চিকিৎসার জন্য প্রেসক্রাইব করা হয়ে থাকে।

“মুনাফা প্রাথমিকভাবে সামাজিক উন্নতিতে অবদান রাখবে,” এই দর্শনকে সামনে রেখে আমাদের ফার্মা ডিভিশন লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে এগিয়ে যাচ্ছে।

## স্বাস্থ্য ব্যবস্থাপনা প্রচারিত



এসএমসির ঢাকা ওয়েস্ট এরিয়া অফিস কিশোরীদের ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য ব্যবস্থাপনা এবং রিফ্রেশিং ড্রিংক হিসাবে 'টেস্ট মি' কে প্রমোট করার লক্ষ্যে একটি স্কুল অ্যাক্টিভেশন প্রোগ্রামের আয়োজন করে। গত ২৯শে অক্টোবর ২০১৮ তারিখে গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার কালিয়াকৈর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এই কর্মসূচী অনুষ্ঠিত হয়। মোট ৩৬৪ জন ছাত্রী এই অনুষ্ঠানে যোগদান করে। মাসিক স্বাস্থ্যবিধির একটি অপরিহার্য অংশ হিসাবে স্যানিটারি ন্যাপকিনের বিশেষ করে এসএমসির জয়ার ব্যবহার তুলে ধরার জন্য প্রোগ্রামটি একটি চমৎকার প্ল্যাটফর্ম ছিল।

কালিয়াকৈর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব সুভাষ চন্দ্র সরকার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে এসএমসির পক্ষ থেকে ছাত্রীদেরকে 'টেস্ট মি' ড্রিংক পরিবেশন করা হয় এবং ২০০ গ্রামের এক প্যাক 'টেস্ট মি' উপহার দেওয়া হয়। প্রোগ্রামটি অত্যন্ত সফল ছিল এবং মেয়েরা তাদের স্বাস্থ্যবিধি সম্পর্কে জ্ঞান অর্জন এবং 'টেস্ট মি' উপহার পাওয়াতে খুবই আনন্দিত ছিলো। এসএমসির রিজিওনাল ম্যানেজার, ঢাকা ডিভিশন, জনাব চন্দ্র নাথ মন্ডল, ঢাকা ওয়েস্ট এরিয়ার সিনিয়র সেলস ম্যানেজার জনাব কে এম হাসিবুল হাসান এবং এরিয়া অফিসের অন্যান্য কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## মুন্সীগঞ্জে প্রমোট করা হলো মনিমিক্স

গত ২৮ নভেম্বর, ২০১৮ তারিখে মুন্সীগঞ্জের একটি স্থানীয় রেষ্টোরায়ে এসএমসির ঢাকা ইস্ট এরিয়া অফিস মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালের গ্র্যাজুয়েট ডাক্তারদের সঙ্গে একটি সেমিনার আয়োজন করে। স্থানীয় ডাক্তারদের কাছে এসএমসির মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার মনিমিক্স প্রচার করার উদ্দেশ্যে সেমিনারটি আয়োজন করা হয়। মনিমিক্স ছয় মাস থেকে পাঁচ বছর পর্যন্ত শিশুদের পুষ্টির অবস্থা উন্নত করার জন্য একটি গৃহনির্মিত সুরক্ষিকরণ কৌশল। মুন্সীগঞ্জের সিভিল সার্জন ডাঃ মোঃ হাবিবুর রহমান প্রধান অতিথি হিসেবে সেমিনারে উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের মুন্সীগঞ্জ শাখার সভাপতি ডাঃ আক্তার হোসেন (বাপ্পি) এবং মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট (সার্জারী) ডাঃ মোঃ গোলাম মহিউদ্দিন। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালের কনসালটেন্ট (পেডিয়াট্রিকস) ডাঃ দেওয়ান নিজাম উদ্দিন। সেমিনারে এসএমসির প্রতিনিধিত্ব করেন রিজিওনাল ম্যানেজার ঢাকা, শ্রীযুক্ত চন্দ্র নাথ মন্ডল এবং ঢাকা ইস্ট এরিয়া অফিসের তৎকালীন সেলস ম্যানেজার মরহুম জনাব মোঃ জামিল উদ্দিন।



## নতুন শক্তিতে এসএমসির ডিস্ট্রিবিউশন

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড তার ডিস্ট্রিবিউশন সেলস তত্ত্বাবধানের জন্য টেরিটরি সেলস অফিসার (টিএসও) নিয়োগ দিয়েছে। সারা দেশে নন-ফার্মেসি আউটলেটগুলিতে গৃহস্থালি পণ্য বিক্রির লক্ষ্যে ১২০ জন ডিস্ট্রিবিউটর এবং সেলস রিপ্রেজেন্টেটিভদের কার্যক্রমের পরিচালনা ও তত্ত্বাবধানের জন্য মোট ২০ জন নবীন কর্মকর্তাদের নিয়োগ দেয়া হয়। নবনিযুক্ত টিএসওগণ গত ৬ নভেম্বর, ২০১৮ তারিখে ঢাকায় এসএমসির প্রধান কার্যালয়ে একটি প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ করেন। তাদেরকে কাজের বিবরণীসহ মাঠপর্যায়ের দৈনন্দিন কার্যতালিকা সম্পর্কে সংক্ষিপ্তভাবে জানানো হয় এবং এসএমসির পণ্যগুলির বিস্তারিত বিবরণসহ সেলস ম্যানুয়াল এবং অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র প্রদান করা হয়। জেনারেল ম্যানেজার, সেলস অ্যান্ড ফিল্ড প্রমোশন, জনাব সাইদুর রহমান; হেড অফ ডিস্ট্রিবিউশন সেলস, জনাব মোঃ মহাসিন আলী মন্ডল; সিনিয়র ম্যানেজার, ডিস্ট্রিবিউশন সেলস, জনাব গোলাম রিয়াজ এবং সিনিয়র ম্যানেজার, সেলস ট্রেনিং অ্যান্ড মনিটরিং, জনাব অমল রজক এসময় উপস্থিত ছিলেন।



## অপরিকল্পিত গর্ভধারণ প্রতিরোধে নতুন পিল

গত ৪ নভেম্বর ২০১৮ তারিখে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড বাজারে নিয়ে এসেছে 'নোরিক্স ১' সিঙ্গেল ডোজ এমার্জেন্সি কন্ট্রাসেপ্টিভ পিল। এসএমসির 'নোরিক্স ২০১৩ সালে বাজারজাত শুরু হয়, যা ছিলো একটি দুই ডোজ সম্বলিত ইসিপি এবং বর্তমানে ইসিপি ক্যাটেগরিতে বাজারে ২য় স্থানে অবস্থান করছে। গত কয়েক বছরে কনজুমারদের কাছে সিঙ্গেল ডোজ ইসিপির চাহিদা আরো বৃদ্ধি পেয়েছে। এই বর্ধিত চাহিদার কথা ভেবে এসএমসি দেশের এক

নম্বর ইসিপি ব্র্যান্ড হবার লক্ষ্যে বিদ্যমান নোরিক্সের ব্র্যান্ড ইকুইটির উপর ভিত্তি করে সিঙ্গেল ডোজ ইসিপি বাজারে নিয়ে এসেছে।

'নোরিক্স ১' এর ব্র্যান্ড লোগোটি একটি আকর্ষণীয় সবুজ ঢালের মতো দেখতে, যা অপরিকল্পিত গর্ভাবস্থা থেকে সুরক্ষার প্রতীক। এই ব্র্যান্ডিং অন্য সব প্রতিযোগী ব্র্যান্ডের মধ্যে 'নোরিক্স ১' কে বিশেষভাবে তুলে ধরবে। এটি প্রজনন বয়সী মহিলাদের অপরিকল্পিত গর্ভাবস্থাকে প্রতিরোধ

করার জন্য একটি অত্যন্ত কার্যকর পিল। এই পিল অরক্ষিত দৈহিক মিলনের ৭২ ঘণ্টার মধ্যে গ্রহণ করতে হবে।



## দীর্ঘ সুরক্ষার প্রতিশ্রুতিতে জয়া



এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড ২০১৮ সালের ডিসেম্বর মাসে জয়া স্যানিটারি ন্যাপকিনের দুটি নতুন প্রিমিয়াম ভারিয়েন্ট - জয়া এক্সট্রা হেভি ফ্লো এবং জয়া অল নাইট বাজারে নিয়ে এসেছে। বাজারের অন্যান্য প্রতিযোগী ব্র্যান্ডের স্যানিটারি ন্যাপকিনের তুলনায় জয়া এক্সট্রা হেভি ফ্লো ৫০% অধিক শোষণ ক্ষমতা রাখে। জয়া অল নাইট স্যানিটারি ন্যাপকিন দীর্ঘ হবার কারণে (৩২০ মিমি) সামনের এবং পিছনের দিকে সম্ভাব্য লিকেজ প্রতিরোধ প্রদান করে। এটা ব্যবহারকারীর জন্য একটি চিন্তামুক্ত এবং আরামদায়ক রাত নিশ্চিত করে। জয়ার নতুন এই দুটি ভারিয়েন্টেই রয়েছে এন্টিব্যাকটেরিয়াল গুণাগুণ যা মোড়ানো হয়েছে আকর্ষণীয় প্যাকেজিং ডিজাইন এবং সহজে বহনযোগ্য ট্রাইফোল্ড প্যাকেজিং এ। সম্প্রতি ২০১৮ সালের অক্টোবর মাসে একটি প্রোডাক্ট প্রিটেস্টে দেখা যায় যে, প্রিমিয়াম ক্যাটেগরির স্যানিটারি ন্যাপকিনের ৮০% ব্যবহারকারী তাদের বর্তমান ব্র্যান্ডের থেকে জয়া এক্সট্রা হেভি ফ্লো এবং জয়া অল নাইটকে পছন্দ করেন এবং ভবিষ্যতে জয়া ব্যবহার করতে আগ্রহ দেখিয়েছেন।

## আন্তর্জাতিক ক্রিকেট সিরিজে আমাদের জনপ্রিয় ব্র্যান্ড

সম্প্রতি অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক ক্রিকেট সিরিজের সরাসরি সম্প্রচারে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের কিছু শক্তিশালী ব্র্যান্ডের আকর্ষণীয় উপস্থিতি অনুভূত হয়। এসএমসির 'ওরস্যালাইন-এন' ২০১৮ সালের অক্টোবর-নভেম্বর মাসে অনুষ্ঠিত বাংলাদেশ বনাম জিম্বাবুয়ে ক্রিকেট সিরিজের একটি গর্বিত স্পন্সর ছিলো। স্টেডিয়ামের বিভিন্ন ব্র্যান্ডিং সামগ্রীতে আমাদের ব্র্যান্ডগুলির অবস্থান মাঠে আগত বিপুল সংখ্যক দর্শকদের দৃষ্টি আকর্ষণ করে। জাতীয় ও স্যাটেলাইট টিভি চ্যানেলের সরাসরি সম্প্রচারও আমাদের ব্র্যান্ডগুলিকে লক্ষিত জনগোষ্ঠীর কাছে পৌঁছাতে সাহায্য করে।

একইভাবে, 'স্মাইল' এবং 'সেনসেশন' ২০১৮ সালের নভেম্বর-ডিসেম্বর মাসে অনুষ্ঠিত বাংলাদেশ বনাম ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট সিরিজের গর্বিত স্পন্সর ছিলো। ব্র্যান্ডদুটির বিজ্ঞাপন গাজী টিভিতে ম্যাচ চলাকালীন সময়ে সম্প্রচারিত হয়। বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ সিরিজের "এসএমসি প্লয়ার অফ দ্য ম্যাচ" পুরস্কারটি হস্তান্তর করেন এসএমসি ইএলের অতিরিক্ত মহাব্যবস্থাপক, মার্কেটিং, জনাব খন্দকার শামীম রহমান।



উপদেষ্টাঃ মোঃ আলী রেজা খান; প্রকাশনা ও সার্কুলেশনঃ কর্পোরেট এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট; কৃতজ্ঞতাঃ সকল বিভাগকে তথ্য দিয়ে সহযোগীতার জন্য;  
ঠিকানাঃ এসএমসি টাওয়ার, ৩৩ বনানী বা/এ, রোড - ১৭, ঢাকা-১২১৩, বাংলাদেশ।  
পিএবিএক্সঃ +(৮৮০২) ৯৮২১০৭৪-৮০, ৯৮২১০৯০, ৯৮২১০৯৩, ওয়েবসাইটঃ www.smc-bd.org